

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১২২৭

আগরতলা, ২৩ জুন, ২০২৬

পশ্চিম ত্রিপুরা জেলায় ০-৫ বছর বয়সের  
৬৮,৩৪৮টি শিশুকে টিকাকরণ করা হবে

পশ্চিম ত্রিপুরা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সোসাইটির উদ্যোগে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে গতকাল পশ্চিম ত্রিপুরা জেলা পালস পোলিও টিকাকরণ কর্মসূচি উপলক্ষ্যে জেলা টাস্ক ফোর্স ও আরবান টাস্ক ফোর্সের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ড. বিশাল কুমার, পশ্চিম জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক শংকর চক্রবর্তী, জেলার বিভিন্ন গ্রামীণ, প্রাথমিক ও উপস্বাস্থ্যকেন্দ্রগুলির স্বাস্থ্য আধিকারিকগণ এবং তিনটি মহকুমার মহকুমা শাসক অফিসের আধিকারিকগণ।

সভায় জেলাশাসক দায়িত্ব ও আন্তরিকতার সঙ্গে টিকাকরণ কর্মসূচি সম্পূর্ণ করতে সবার প্রতি আহ্বান জানান। পশ্চিম জেলায় আগামী ২৮ জুন থেকে তিনদিন ব্যাপী পালস পোলিও টিকাকরণ কর্মসূচি শুরু হবে। পশ্চিম জেলার প্রতিটি গ্রামীণ, প্রাথমিক ও উপস্বাস্থ্য কেন্দ্রগুলিতে ২৮ জুন পালস পোলিও টিকাকরণ কর্মসূচি অনুষ্ঠিত হবে। ২৯ ও ৩০ জুন বাড়ি বাড়ি গিয়ে ২৮ তারিখ অনুপস্থিত শিশুদের পালস পোলিও টিকাকরণ করা হবে। পশ্চিম জেলায় শূন্য থেকে ৫ বছর পর্যন্ত মোট ৬৮ হাজার ৩৪৮ জন শিশুকে টিকা দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

এছাড়া মুখ্যমন্ত্রী নিরাময় আরোগ্য অভিযানের দ্বিতীয় পর্যায় আগামী ১ জুলাই থেকে শুরু হবে এবং ১৪ জুলাই পর্যন্ত এই কর্মসূচি চলবে। এই কর্মসূচিতে হাইপারটেনশন ও মধুমেহ রোগ নির্ণয়ে স্ক্রিনিং করা হবে। এছাড়া রুটিন পর্যায়ে ১৫ জুলাই থেকে ৩১ জুলাই পর্যন্ত স্ক্রিনিং করা হবে। আশাকর্মীরা বাড়ি বাড়ি গিয়ে স্ক্রিনিং করবেন এবং গ্রামস্তরেও স্ক্রিনিং করার জন্য শিবির অনুষ্ঠিত হবে। এই কর্মসূচি উপলক্ষ্যে জেলাস্তরে ও গ্রামস্তরে সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হবে। পশ্চিম জেলার প্রতিটি প্রাথমিক, গ্রামীণ ও আরবান স্বাস্থ্যকেন্দ্রে মোট ১ লক্ষ ৭০ হাজার ৩৪৪ জনকে এইচ.টি.এন, ডিএম, স্ট্রোক, সিওপিডি, সিকে.ডি, আস্থমা, এনএ.এফ.এলডি, স্টেমি, ও.সি ইত্যাদি স্ক্রিনিং করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে এবং ৫৩ হাজার ৮৭৩ জনকে স্তন ও সার্ভিক্যাল ক্যান্সার স্ক্রিনিং করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

\*\*\*\*\*